

## উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ আব্দুল মালেক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
তারিখ	:	১৬/০৮/২০২১ ইং।
সময়	:	পূর্বাহ্ন - ১০.৩০ ঘটিকা
সভার স্থান	:	উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট- “ক”

অদ্যকার সভার সম্মানিত সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ সুব্রত কুমার সরকার-কে সভা পরিচালনা করার আহ্বান জানান। উপজেলা প্রাণিসম্পদ অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	উদ্ভাবনীমূলক কার্যক্রম গ্রহন সম্পর্কিত আলোচনা :- সদস্য সচিব ডাঃ সুব্রত কুমার সরকার, উপজেলা প্রাণিসম্পদ অফিসার উদ্ভাবনীমূলক কার্যক্রম বিষয়ে সভায় জানান যে, ভার্ভিকম্পোষ্ট/কৈচো সার তৈরী করলে একদিকে যেমন আর্থিকভাবে লাভবান হওয়া যায় তেমনি অপরদিকে পরিবেশের ভারসাম্য রক্ষা, মাটির জৈবিক গুণাবলী এবং ফসলের ফলন বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে। তিনি আরো জানান, ইতিমধ্যে অত্র গোদাগাড়ী উপজেলার গোদাগাড়ী ও কাকনহাট পৌরসভায় উদ্ভাবনীমূলক কার্যক্রম হিসাবে কয়েকজন দুঃস্থ মহিলা স্বল্প পুঁজি ব্যয়ে ভার্ভিকম্পোষ্ট/কৈচো সার তৈরী শুরু করে এবং তাতে সফলতা আসে। উপজেলা প্রাণিসম্পদ অফিসার উপজেলার অন্যান্য ইউনিয়নে এধরনের কার্যক্রম শুরু করার লক্ষ্যে প্রকল্প গ্রহনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো জানান আর্থিক ও কারিগরী সহায়তার জন্য উপজেলা পরিষদের আর্থিক সহযোগিতার বিশেষ প্রয়োজন।	বিষয়টির গুরুত্ব আরোপ করা হয় এবং এডিপি অর্থায়নের সহযোগিতা প্রদানের ব্যাপারে উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
২।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বরফন কুমার মন্ডল সভাকে জানান যে, মৎস্য চাষ কাজে প্রয়োজনীয় কিছু যন্ত্রপাতির বিশেষ দরকার যেমন- ফরমালিন কীট বক্স, পিএইচ মিটার, অক্সিজেন মিটার ইত্যাদি। উল্লেখিত যন্ত্রপাতি ক্রয়ের কোন বরাদ্দ না থাকায় সেগুলি ক্রয় করা সম্ভব হচ্ছে না। ফলে মৎস্য চাষ কাজ ব্যাহত হচ্ছে।	উপজেলা পরিষদের এডিপি অর্থায়নে ক্রয়ের জন্য বলা যেতে পারে। যাহা উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*(Signature)*

(মোঃ আব্দুল মালেক )

সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত কমিটি





ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,

গোদাগাড়ী, রাজশাহী।

উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী'র মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির সভ্যগণের হাজিরা

সভার তারিখ : ১৬/০৮/২০২১ খ্রিঃ।  
সভার সময় : ১০.৩০ ঘটিকা  
সভার স্থান : ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

ক্রমিক নং	নাম/পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সভাপতি	
০২	চেয়ারম্যান, গোদাগাড়ী ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
০৩	চেয়ারম্যান, রিশিকুল ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
০৪	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য	
০৫	উপজেলা প্রাণিসম্পদ অফিসার গোদাগাড়ী, রাজশাহী।	সদস্য সচিব	